ভোরের কাগজ

তারিখ ১০/০৯/২০০০
পৃষ্ঠা ১২ কলাম ৭

78

ফলো আপ : ময়মনসিংহে কলেজ ছাত্র খুন

# আহত বন্ধু সোহান গ্রেপ্তার পরিকল্পিত হত্যা বলে সন্দেহ

ময়মনসিংহ প্রতিনিধি : ঘনিষ্ঠ এক বন্ধুর সহায়তায় সন্ত্রাসীরাই ডেকে নিয়ে গিয়ে পূর্বপরিকল্পিতভাবে কলেজছাত্র সোহেলকে দিনদুপুরে খুন করেছে। এমন অভিযোগ এনে দায়ের করা হত্য মামলায় পুলিশ ঐ হত্যাকাণ্ডের সময় আহত বন্ধু সোহানকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল শনিবার গ্রেপ্তার করেছে। সোহান হত্যাকারীদের পরিচয় জানালেও এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত থাকার কথা পুলিশের কাছে অস্বীকার করেছে।

পুলিশের কাছে দেওয়া জবানবন্দিতে সোহেলের বন্ধু সোহান বলেছে, গত ৭ সেপ্টেম্বর সন্ধ্যায় শহরের নতুনবাজার এলাকায় ইলেট্রনিক্স প্রতিষ্ঠানের সামনে মনিরুজ্জামান টুলু ওরফে রবিন, রাজন, শাওন ও লালন নামের কয়েকজন বন্ধুর সঙ্গে সোহেলের কথা কাটাকাটি হয়। এ সময় রিয়েল সোহেলকে বাজার এলাকায় আড্ডা দিতে আর না আসার জন্য বলে দেয়। পরদিন শুক্রবার সোহান তার চাচার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বেলা ৩টার দিকে সোহেলকে তার বাসা থেকে ডেকে নিয়ে উপজেলা কাঁঠাল গ্রামে যাওয়ার জন্য বাসস্ট্যান্ডের উদ্দেশে রিকশা নেয়। তাদের রিকশাটি শহরের নতুন বাজার ক্রসিঙে পৌছলে রিয়েল ও রবিন রিকশা থামায়। এ সময় তাদের মধ্যে ধস্তাধস্তি শুরু হলে সোহান ধারালো অস্ত্রাঘাতে আহত হয়। জীবন বাঁচাতে সোহেল রিকশা থেকে নেমে পালানোর চেষ্টা করলে অল্প কিছু দূরে যাওয়ার পরই রিয়েল তার হাতে থাকা ধারালো অস্ত্র দিয়ে সোহেলের বুকে আঘাত করে। সোহান জানায়, ঐ অবস্থায় সোহেলকে রক্ষার জন্য সে এগিয়ে গেলে পিস্তল উঁচিয়ে তাকে চলে যেতে বলা হয়। ফলে বাধ্য হয়ে সে প্রাণ ভয়ে ঘটনাস্থল থেকে পালিয়ে এসে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়।

এদিকে, সোহেলের পরিবার গত শুক্রবার রাতে তিনজনকে আসামি করে হত্যা মামলা দায়ের করেছে। মামলায় উল্লেখ করা হয়েছে, পূর্ব শত্রুতার জের হিসেবে সোহেলের ঘনিষ্ঠ বন্ধু সোহানের সহায়তায় রবিন সোহেলকে খুন করেছে।